৮৩

০5 AUG 1997
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ......

দৈনিক সংবাদ

জা'নগর ভার্সিটি

# ভর্তি হতে এসে হয়রানির শিকার

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ৪ঠা আগস্ট।– জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে এসে শিক্ষার্থীরা একশ্রেণীর অসাধু কর্মকর্তা–কর্মচারীর খপ্পরে পড়ে ব্যাপক হয়রানির শিকার হচ্ছে। জানা গেছে, ভর্তি ফরম জমা দেয়া এবং মেডিক্যাল চেকআপ–এর সময় কিছু–সংখ্যক অসাধু কর্মচারী নির্বাচিত শিক্ষার্থীদের কাছ থেকে নির্ধারিত হাতে 'বকশিশ' গ্রহণ করছে।

কোন শিক্ষার্থী এই 'বকশিশ' দিতে অস্বীকৃতি জানালে এসব কর্মচারী তাদের সঙ্গে দুর্ব্যবহার করে এবং জমাকৃত ফরম ফেরত না দিয়ে অন্যদিন যোগাযোগ করতে বলে। টাকা–পয়সা দিলে আধাঘন্টার মধ্যেই কাজ হয়ে যায়। রেজিষ্ট্রার ভবনের কিছুসংখ্যক অসাধু কর্মচারী কোন নিয়ম–নীতির তোয়াক্কা না করে এভাবে নিরীহ শিক্ষার্থী ও তাদের অভিভাবকদেরকে হয়রানি করছে।

একশ্রেণীর কর্মকর্তা এসব অসাধু কর্মচারীর দুর্নীতিমূলক তৎপরতায় সায় দিচ্ছেন বলে কিছু সংখ্যক অভিভাবক অভিযোগ করেছেন।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে গতকাল রোববার থেকে ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে, চলবে ১২ই আগস্ট পর্যন্ত।